**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ**

**এস.আর.ও. নং- ১৩৩-আইন/২০২০/৮৪/কাস্টমস।**- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নিম্নবর্ণিত শর্তে সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্যের (সিএনজি কনভার্সন কিট ও সিএনজি সিলিন্ডারসহ) উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩ (তিন) শতাংশের অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(১) আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ (সিএনজি কনভার্সন কিট ও সিএনজি সিলিন্ডারসহ) সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত হইবে মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদা সম্পন্ন কোন কর্মকর্তা চালান-ওয়ারী পরিশিষ্ট-১ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র প্রদানসহ উহার একটি অনুলিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস ষ্টেশনে প্রেরণ করিবেন;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াত প্রাপ্ত আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ অন্যবিধ কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইলে আমদানিকারক কাস্টমস কর্তৃপক্ষের গৃহীত আইনানুগ যে কোন ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকৃত পণ্য খালাসের সময়, সংশ্লিষ্ট কমিশনার বরাবরে, পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গিকারনামা দাখিল করিবেন;

(৩) সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও কার্যক্রম পরিচালনার সাথে সরাসরি সম্পৃক্ত নহে এইরূপ তফসিলে বর্ণিত কনজিউম্যাবল পণ্য এই প্রজ্ঞাপন বলে রেয়াত প্রাপ্ত হইবে না।

**ব্যাখ্যা।**- দফা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, কনজিউম্যাবল পণ্য অর্থ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে তফসিলে বর্ণিত আমদানিকৃত কোন পণ্য যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ব্যবহারের ফলে আংশিক বা সম্পূর্ণ নিঃশেষ হইয়া যায় অথবা পুনর্ব্যবহার যোগ্যতা হারায়।

২। ২৩ মে ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-১০৫-আইন/৯৯/১৭৮৪/শুল্ক এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন ২০২০ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**প্রত্যয়নপত্র**

[শর্তাবলির দফা (১) দ্রষ্টব্য]

প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম, ঠিকানা)........................ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত একটি প্রতিষ্ঠান। প্রত্যয়নাধীন যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের সহিত সম্পর্কিত এবং কেবল সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রজ্ঞাপনের শর্ত প্রতিপালনপূর্বক আমদানিকৃত। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং............................ তারিখ,.......................বিল অব লেডিং/এয়ারওয়ে বিল /ট্রাক রিসিপ্ট নং..................তারিখ,....................এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হইবে।

স্বাক্ষর :................................................
নাম :................................................
তারিখ: পদবি :................................................
সীল :................................................

**পরিশিষ্ট-২**

**অঙ্গিকারনামা**

[শর্তাবলির দফা (২) দ্রষ্টব্য]

আমি/আমরা এই মর্মে অঙ্গিকার ও প্রত্যয়ন করিতেছি যে, ইনভয়েস নং.........................তারিখ,......................বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং...................তারিখ,..................এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের সহিত সম্পর্কিত এবং কেবল সিএনজি ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হইবে। আমি/আমরা আরো অঙ্গিকার করিতেছি যে, আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ ফিলিং স্টেশন স্থাপন ও সিএনজি কার্যক্রম পরিচালনা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/স্থানে ব্যবহৃত/স্থাপিত হইলে আমি/আমরা আমদানিকালে উহার উপর প্রযোজ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং উহার জন্য Customs Act, 1969 (Act No. IV of 1969) এর অধীন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে আমি/আমরা তা মানিয়া লইতে বাধ্য থাকিব।

প্রতিষ্ঠানের নাম :..........................................................................................

ঠিকানা: ..........................................................................................................

...............................................................................................................।

**তফসিল**

[শর্তাবলির দফা (৩) দ্রষ্টব্য]

(কনজিউম্যাবল পণ্যের তালিকা)

১. নির্মিত ভবন বা শেড
২. স্টিল শিট (steel sheet): American Standard Testing Method (ASTM) অনুযায়ী ১০ (দশ) মিলিমিটার বা তৎনিম্ন A36 বা সমমানের MS প্লেট;
৩. সকল ধরনের স্টিল রড;
৪. লে-আউট প্ল্যানে উল্লেখ নেই এমন পরিমাপ (diameter) এর স্টিল পাইপ;
৫. সকল ধরনের সিমেন্ট, বালি, স্টোন, টাইলসসহ সকল প্রকার কন্সট্রাকশন ম্যাটেরিয়ালস;
৬. লুব্রিকেটিং অয়েলসহ সকল ধরনের অয়েল;
৭. প্রি-ফেব্রিকেটিড বিল্ডিং এবং এর পার্টস;
৮. সকল ধরনের বৈদ্যুতিক লাইট এবং লাইট-ফিটিংস;
৯. কয়েল আকারে আমদানিতকৃত ক্যাবল (বিভিন্ন যন্ত্রপাতির সাথে অপরিহার্য পরিমাণ ক্যাবল ব্যতীত);
১০. ট্রান্সফর্মার ও ট্রান্সফর্মার অয়েল;
১১. সকল ধরনের রং (paint) ও বার্নিশ;
১২. গৃহস্থালী সামগ্রী (household goods);
১৩. সকল ধরনের রাসায়নিক সামগ্রী (chemicals);

১৪. সকল ধরনের অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র;

১৫. অনূর্ধ্ব ২,০০,০০০ বিটিইউ (BTU) সম্পন্ন air conditioner;

১৬. সকল ধরনের রেফ্রিজারেটর;

১৭. Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এ বর্ণিত Heading 87.02 হইতে Heading 87.03 এর অন্তর্ভুক্ত সকল ধরনের যানবাহন;

১৮. প্ল্যান্টের লে-আউট প্ল্যান বা ডিজাইনে উল্লেখ নেই বা প্ল্যান্ট স্থাপনের সাথে সম্পর্কিত নয় এমন পণ্য; এবং

১৯. এমন স্পেসিফিকেশন (specification) এর পণ্য বা নির্মাণ সামগ্রী ও সরঞ্জাম যাহা বাংলাদেশে দুই বা ততোধিক প্রতিষ্ঠানে উৎপাদিত হয়।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**